

Ms. Sayeeda
08/01/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাংলাদেশের পূর্বতন ছিটমহলের অধিবাসী শুমারি ২০১৭ প্রকল্প
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭
ওয়েবসাইট: www.bbs.gov.bd

09/01/2018
লিপ্যকৃত

নং: ৫২.০১.০০০০.৪০৭.১৭.০২৫.১৭.০০২

তারিখ: ১৮ পৌষ, ১৪২৪
০১ জানুয়ারি, ২০১৮

কোটেসন বিজ্ঞপ্তি (RFQ)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'বাংলাদেশের পূর্বতন ছিটমহলের অধিবাসী শুমারি ২০১৭ প্রকল্প'-এর আওতায় নির্ধারিত স্পেসিফিকেশন সম্পন্ন ডাটা প্রসেসিং সফটওয়্যার (SPSS) সংগ্রহ করার লক্ষ্যে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণপূর্বক 'কোটেসন' আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	আইটেম	একক	পরিমাণ
০১.	ডাটা প্রসেসিং সফটওয়্যার (SPSS)	সংখ্যা	শিডিউলে উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী ০১ টি সফটওয়্যার

শর্তাবলি:

- কোটেসন সিডিউল প্রকল্প পরিচালক, বাংলাদেশের পূর্বতন ছিটমহলের অধিবাসী শুমারি ২০১৭ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৩য় তলা, ব্লক-২), ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭-এর দপ্তর হতে ০১/০১/২০১৮ খ্রি. তারিখ সকাল ১০:০০টা হতে ০৮/০১/২০১৮ খ্রি. তারিখ দুপুর ০১:০০ টা পর্যন্ত বিনামূল্যে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- কোটেসন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ০৮/০১/২০১৮ খ্রি. তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং প্রাপ্ত কোটেসন একই দিন দুপুর ২:০০ ঘটিকায় দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির সভায় মূল্যায়ন করা হবে।
- কোটেসনের সাথে হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, সম্প্রতি ইস্যুকৃত ব্যাংক সলভেন্সি সনদ এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপি/নমুনা খামে কোটেসন প্রদানকারীর নামসহ দাখিল করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ০৩ (তিন) দিনের মধ্যে স্পেসিফিকেশন অনুযায়ী বর্ণিত ডাটা প্রসেসিং সফটওয়্যার (SPSS) সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির যাচাই-বাছাইয়ে সন্তোষজনক বিবেচিত হলে তাঁদের সুপারিশের ভিত্তিতে ডাটা প্রসেসিং সফটওয়্যার (SPSS) গ্রহণ করা হবে।
- সরবরাহকৃত ডাটা প্রসেসিং সফটওয়্যার (SPSS)-এ কোন প্রকার ত্রুটি/সমস্যা দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবি করা যাবে না।
- ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেসন দলিলে বিকল্প দর প্রস্তাব করতে পারবে না।
- প্রচলিত হারে আয়কর, ভ্যাট ইত্যাদি কর্তনপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে বিলের দাবি পরিশোধ করা হবে। এজন্য ৩ (তিন) কপি চালান ও ৩ (তিন) বিল দাখিল করতে হবে।
- কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেসন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

ইফতেখারুল করিম
প্রকল্প পরিচালক
সেলফোন: ০১৭১৮ ৪৩৯১০৯
ইমেইল: iftekharbbs@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস-এর ওয়েবসাইটে প্রদর্শন/প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। চেয়ারম্যান, স্পারসো, প্রতিরক্ষা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭ (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপপরিচালক, এসটিএম, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি নোটিস বোর্ডে আগামী ০৮/০১/২০১৮ তারিখ বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত প্রদর্শন/প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। সভাপতি/সদস্য-সচিব, স্বল্পমূল্য দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, CFEPB প্রকল্প (এ বিষয়ে মূল্যায়ন সভা অনুষ্ঠান ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। সরবরাহকারী প্রতিষ্ঠান -----।
- ০৮। অফিস কপি।